

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা।
www.ecs.gov.bd

জনসংযোগ অধিশাখা

নং-১৭.০০.০০০০.০৪০.৪৭.০১৭.১৫-৮৭

তারিখ: ১৪ মে ২০১৮

সংবাদ বিজ্ঞপ্তি

নির্বাচন কমিশন আগামীকাল ১৫ মে ২০১৮ তারিখ খুলনা সিটি কর্পোরেশন নির্বাচন অনুষ্ঠানের সকল প্রস্তুতি সম্পন্ন করেছে। ব্যালট পেপারসহ নির্বাচনী মালামাল নিয়ে ভোটগ্রহণ কর্মকর্তাগণ ভোটকেন্দ্রে পৌঁছে গেছেন। সকাল ০৮:০০ টা হতে বিকাল ০৪:০০ টা পর্যন্ত একটানা ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। আগামীকাল খুলনা সিটি কর্পোরেশন এলাকায় সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে।


এছাড়া আগামীকাল বগুড়া জেলার তালোড়া পৌরসভার সাধারণ নির্বাচন এবং ২ (দুই) টি পৌরসভার উপনির্বাচন অনুষ্ঠিত হচ্ছে। ৭ (সাত)টি ইউনিয়ন পরিষদের সাধারণ ও ৪৬ (ছিচল্লিশ)টি ইউনিয়ন পরিষদের উপনির্বাচনও আগামীকাল অনুষ্ঠিত হবে।

খুলনা সিটি কর্পোরেশন: সুষ্ঠু, অবাধ ও শান্তিপূর্ণ পরিবেশে খুলনা সিটি কর্পোরেশন নির্বাচন অনুষ্ঠানে ব্যাপক সংখ্যক আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী মোতায়েন করা হয়েছে। প্রতিটি সাধারণ কেন্দ্রে ২২ (বাইশ) জন এবং গুরুত্বপূর্ণ কেন্দ্রে ২৪ (চব্বিশ) জন করে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী মোতায়েন করা হয়েছে। নির্বাচনী এলাকায় আইনশৃঙ্খলা রক্ষার জন্য প্রতি ওয়ার্ডে পুলিশের মোবাইল ফোর্স এবং প্রতি তিন ওয়ার্ডের জন্য একটি স্ট্রাইকিং ফোর্স মোতায়েন করা হয়েছে। প্রতিটি ওয়ার্ডে র্যাবের একটি করে মোবাইল টীম টহল দিচ্ছে। নির্বাচনী এলাকায় ১৬ (ষোল) প্লাটুন বিজিবি মোতায়েন করা হয়েছে। নির্বাচন কমিশনের ২০ (বিশ) জন পর্যবেক্ষক ও ৯ (নয়) জন পর্যবেক্ষক সহায়ক নিয়োগ করা হয়েছে। এছাড়া ৬০ (ষাট) জন এক্সিকিউটিভ এবং ১০ (দশ) জন জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগ করা হয়েছে। নির্বাচন কমিশনে কন্ট্রোল রুম খোলা হচ্ছে, যেখান থেকে সার্বক্ষণিক নির্বাচনী এলাকার সাথে যোগাযোগ এবং নির্দেশনা প্রদান করা হচ্ছে।

খুলনা সিটি কর্পোরেশনে ৩১ (একত্রিশ) টি সাধারণ ওয়ার্ড, ১০ (দশ) টি সংরক্ষিত ওয়ার্ড, মোট ভোটকেন্দ্র ২৮৯ (দুইশত ঊননব্বই)টি ও মোট ভোটকক্ষ ১,৫৬১ (এক হাজার পাঁচশত একষট্টি)টি। ভোটার সংখ্যা ৪,৯৩,০৯৩ জন।

মেয়র পদে প্রার্থী ০৫ (পাঁচ) জন, সংরক্ষিত কাউন্সিলর পদে ৩৮ (আটত্রিশ) জন এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে ১৪৮ (একশত আটচল্লিশ) জনসহ মোট ১৯১ (একশত একানব্বই) জন প্রার্থী খুলনা সিটি কর্পোরেশন নির্বাচনে প্রতিদ্বন্দ্বীতা করছেন।

পৌরসভা ও ইউনিয়ন পরিষদ নির্বাচনকে সুষ্ঠু, অবাধ ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠানের জন্য পর্যাপ্ত আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী মোতায়েনসহ যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।



এস এম আসাদুজ্জামান
যুগ্মসচিব (সিসি)

ও

পরিচালক (জনসংযোগ)

ফোন: ৫৫০০৭৫২০